234

দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 13 1999
পৃষ্ঠা 2 কলাম 5

# আজ ও কাল দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আজ (বুধবার) ও আগামীকাল (বৃহস্পতিবার) দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট। অবিলম্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, বর্ধিত ফি সম্পূর্ণ প্রত্যাহারসহ ৬ দফা দাবীতে গণতান্ত্রিক ছাত্র ঐক্য আজ দেশের সকল বিশ্ববিদ্যালয়ে এবং জাতীয় ছাত্রদল, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, বিপ্লবী ছাত্র মৈত্রী, বিপ্লবী ছাত্র সংঘ, ছাত্র ঐক্য ফোরাম ও পাহাড়ী ছাত্র পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘেটর ডাক দিয়েছে। জাতীয়তাবাদী ছাত্রদলও এ ছাত্র ধর্মঘটে সংহতি জ্ঞাপন করেছে। এছাড়া শিক্ষাঙ্গনে সন্ত্রাস দূর ও কারারুদ্ধ নেতা-কর্মীদের মুক্তির দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল আগামীকাল (বৃহস্পতিবার) দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘটের কর্মসূচী দিয়েছে।

এদিকে আহবানকারী ছাত্র সংগঠনগুলো কর্মসূচী সফল করার লক্ষ্যে গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পৃথক পৃথকভাবে মিছিল ও সমাবেশ করে। সমাবেশে নেতৃবৃন্দ যে কোন মূল্যে আজকের ছাত্র ধর্মঘট সফল করার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানান।

এদিকে, দু'দিনব্যাপী ছাত্র ধর্মঘট চলাকালে নির্ধারিত পরীক্ষা অনুষ্ঠিত হবে কিনা তা নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন ও ছাত্র সংগঠনসমূহ মুখোমুখি হয়ে পড়েছে। গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় ধর্মঘটকে উপেক্ষা করে আজ ও আগামীকালের পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।